

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২৮(আগরতলা, ১২।০৫)
কুমারঘাট, ১২ মে, ২০১৯

বি এ- বি এস সি পরীক্ষা : ফটিকরায়ে ১৪৪ ধারা জারী

ত্রিপুরা বিশ্ববিদ্যালয় পরিচালিত বি এ/ বি এস সি পরীক্ষা আগামী ১৩ মে থেকে ২০ মে, ২০১৯ এবং ৩ জুন থেকে ২ জুলাই, ২০১৯ পর্যন্ত ফটিকরায়ের বি আর আশ্বেদকর মহাবিদ্যালয়ে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার দিনগুলিতে শান্তি বজায় রাখতে পরীক্ষা কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এক আদেশে ১৪৪ ধারা জারী করেছেন। আদেশ অনুযায়ী পরীক্ষার্থী, কর্তব্যে নিয়োজিত কর্মচারি, পুলিশ এবং অন্যান্য আইন প্রণয়নকারী সংস্থা ছাড়া জনসাধারণের রাস্তা ব্যতীত পরীক্ষা কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে পরীক্ষার দিনগুলিতে কেউ চলাফেরা করতে পারবে না। এছাড়া, কর্তব্যে নিয়োজিত পুলিশ কর্মী ও অন্যান্য আইন প্রণয়নকারী সংস্থা ছাড়া পরীক্ষার্থীসহ কোন ব্যক্তি দা, লাঠি, সূচালো বাঁশ ও আগ্নেয়াস্ত্র নিয়ে চলাফেরা করতে পারবে না। পরীক্ষা কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে শব্দবর্ধক যন্ত্র ব্যবহার করা যাবে না।

এই আদেশ ১৩ মে থেকে ২০ মে, ২০১৯ এবং ৩ জুন থেকে ২ জুলাই, ২০১৯ সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত পরীক্ষার দিনগুলিতে বলবৎ থাকবে। আইন ভঙ্গকারীদের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ১৮৮ ধারা অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
